

# চার দফা দাবিতে আন্দোলনে কর্মচারী বাকুবির ৯টি ডাইনিং বন্ধ বিপাকে ৩ হাজার শিক্ষার্থী

প্রতিনিধি, বাকুবির

চার দফা দাবিতে কর্মচারীদের আন্দোলনের মুখে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৯টি আবাসিক হলের ডাইনিং গত রোববার থেকে বন্ধ রয়েছে। গত শুনিবারের মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবি মেনে না নেয়ায় তারা অনির্দিষ্টকালের জন্য ডাইনিং বন্ধের ঘোষণা দেন। এতে প্রায় তিন হাজার শিক্ষার্থী চরম বিপাকে পড়েছেন।

বেতন-ভাতা বৃদ্ধি ও চাকরি স্থায়ীকরণসহ ৪ দফা দাবিতে সব হলের কর্মচারীরা এ কর্মসূচির ডাক দিয়েছে। এর পরিপ্রেক্ষিতে চরম বিপাকে পড়েছেন প্রায় তিন হাজার শিক্ষার্থী। কর্মচারীদের মতে, বিভিন্ন আবাসিক হলের ডাইনিংয়ের ২৯ জন কর্মচারী ১২-১৩ বছর ধরে পদবিহীন অবস্থায় কর্মরত

আছেন।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও প্রভোস্ট পরিষদের সভায় গত বছরের ১৮ মার্চের জোটভার ভিত্তিতে বিভিন্ন হলে ওশাপদে ব্যবস্টিদের চতুর্থ শ্রেণীর পদে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত হয়। এরপরও ব্যবস্টিদের নিয়োগ দেয়া হয়নি।

কর্মচারীরা চার দফা সংবলিত একটি আবেদনপত্র গত ১১ মার্চ প্রভোস্ট পরিষদের আহ্বায়কের কাছে জমা দেন। সেখানে উল্লেখ করা হয় ১৫ মার্চের মধ্যে দাবি না মেনে নিলে তারা ১৬ মার্চ থেকে কর্মবির্ভত ও অবস্থান ধর্মঘট পালন করবেন।

ডাইনিং কর্মচারী সমিতির সভাপতি আবদুল মতিন জানান, আমরা কোন চিঠি দিলে প্রশাসনে পড়েই না। ১১ মার্চ আবেদনপত্র জমা দেয়ার পরও প্রশাসনের

নীতির ভূমিকার কারণে গত রোববার থেকে নয়টি ছাত্র হলের ডাইনিং অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়। ডাইনিং বন্ধ হয়ে যাওয়ায় হলের ছাত্ররা চরম বিপাকে পড়েছেন।

প্রভোস্ট কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. রেজাউল করিম দৈনিক সংবাদকে ডাইনিং কর্মচারীদের ব্যাপারে গত রাতে সভা সুয়েছে। তাদের দাবিগুলো খৌজিক। দাবি বাস্তবায়নের জন্য রেজিস্ট্রারের কাছে একটি প্রস্তাব পাঠানো হয়েছে।